গাজীপুরের পূবাইলে স্বামী- স্ত্রীকে কুপিয়ে হত্যা

গাজীপুরের পূবাইলের বসুগাঁও এলাকায় স্বামী-স্ত্রীকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহতরা হলেন, কালাম ও তার স্ত্রী পুতুল। গেল রাতে নিজঘরে এ ঘটনা ঘটেছে।

গাজীপুর মেট্রোপলিটন পুলিশের পূবাইল থানার ওসি মো: নাজমুল হক ভূইয়া জানান, গেল রাতের যে কোন সময় দুর্বৃত্তরা স্বামী-স্ত্রীকে কুপিয়ে খুন করে পালিয়ে যায়। খবর পেয়ে আজ ভোরে পুলিশ তাদের লাশ উদ্ধার করেছে। তবে তিনি তাৎক্ষণিকভাবে তাদের মৃত্যুর কারণ জানাতে পারেননি। পুতুল নিহত কালামের তৃতীয় স্ত্রী। তাদের সংসারে দেড় বছর বয়সের একটি ছেলে রয়েছে। তবে তিনি হত্যার কারণ সম্পর্কে কিছু জানাতে পারেন নি। জড়িতদের গ্রেফতারের চেষ্টা চলছে বলে তিনি জানান।
নিহতদের লাশ ময়না তদন্তের জন্য গাজীপুরের শহীদ তাজউদ্দীন মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে প্রেরণের প্রস্তুতি চলছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত ঘটনার সাথে জড়িতদের কাউকে পুলিশ গ্রেফতার করতে পারেনি।